

নাজমা আক্তার-এর ছবি মূর্তের অমূর্ত রূপ' বইয়ের মোড়ক উন্মোচন



২৭ জানুয়ারি ২০২০ সোমবার, বিকাল ৫টায় বাংলাদেশ শিল্পকলা একাডেমির সহযোগিতায় প্রথিতযশা শিল্পসমালোচক শ্রী মৃণাল ঘোষ লিখিত 'নাজমা আক্তার-এর ছবি মূর্তের অমূর্ত রূপ' গ্রন্থের মোড়ক উন্মোচন অনুষ্ঠান বাংলাদেশ শিল্পকলা একাডেমির জাতীয় চিত্রশালা মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

গ্রন্থের মোড়ক উন্মোচন করেন শিল্পী মনিরুল ইসলাম। গ্রন্থটির আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক সৈয়দ মনজুরুল ইসলাম এবং স্থপতি সামসুল ওয়ারেস। অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান।

উল্লেখ্য, বাংলাদেশের চিত্রশিল্পী নাজমা আক্তার মূলত বিমূর্তধর্মী ছবি আঁকেন। এর আগে যুক্তরাজ্য, জার্মানি, মালয়েশিয়া, ভারতে এই শিল্পীর একক চিত্র প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। তিনি

নেপাল, ভূটান, সিঙ্গাপুর, গ্রিস, ইটালি, সুইজারল্যান্ড ও ফ্রান্সে চিত্র প্রদর্শনী ও ওয়ার্কসপে চিত্রশিল্পী অংশগ্রহন করেন। ইতোপূর্বে তিনি বুলগেরিয়ার রাজধানী সোফিয়ায় লেসেদ্রা আর্ট গ্যালারির উদ্যোগে অনুষ্ঠিত ৭ম লেসেদ্রা আন্তর্জাতিক পেইন্টিং ও মিশ্র-মাধ্যম প্রতিযোগিতায় দ্বিতীয় শ্রেষ্ঠ চিত্রকর্মের জন্য পুরস্কৃত হয়েছিলেন।

এছাড়াও সম্মাননা পুরস্কার হিসেবে কবি আবদুল হাই মার্শেরকী স্বর্ণপদক লাভ করেন। তিনি বাংলাদেশ শিল্পকলা একাডেমির গবেষণা ও প্রকাশনা বিভাগ কর্তৃক এর আগে অমর একুশ গ্রন্থ মেলায় তাঁর 'বাংলাদেশের বহুমাত্রিক শিল্পকলা' গ্রন্থ প্রকাশিত হয়েছে।